

আল-মুদ্দাসির | Al-Muddathir | الْمُدَّثِّر

আয়াতঃ ৭৪ : ৫৩

আরবি মূল আয়াত:

كَأَلَّا ۚ بَلْ لَا يَخَافُونَ الْآخِرَةَ ﴿٥٣﴾

অনুবাদসমূহ:

কখনও নয়! বরং তারা আখিরাতকে ভয় করে না। — আল-বায়ান

না, তা কক্ষনো হতে পারে না, বরং (কথা এই যে) তারা আখিরাতকে ভয় করে না। — তাইসিরুল

না ইহা হবার নয়, বরং তারাতো আখিরাতের ভয় পোষণ করেনা। — মুজিবুর রহমান

No! But they do not fear the Hereafter. — Sahih International

৫৩. কখনো নয়(১); বরং তারা আখেরাতকে ভয় করে না।(২)

(১) অর্থাৎ তাদের এ ধরনের কোন দাবী কক্ষনো পূরণ করা হবে না। [কুরতুবী]

(২) অর্থাৎ এদের ঈমান না আনার আসল কারণ এটা নয় যে, তাদের এ দাবী পূরণ করা হচ্ছে না বরং এর আসল কারণ হলো এরা আখেরাতের ব্যাপারে বেপরোয়া ও নির্ভীক। [ফাতহুল কাদীর] এরা এ পৃথিবীকেই পরম পাওয়া মনে করে নিয়েছে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৫৩) না, এটা হবার নয়। বরং তারা তো পরকালের ভয় পোষণ করে না। [1]

[1] অর্থাৎ, তাদের ভ্রষ্টতার কারণ হল, আখেরাতের উপর ঈমান না আনা এবং তা মিথ্যা ভাবা। আর এই জিনিসই তাদেরকে ভয়শূন্য বানিয়ে দিয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5548>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন